## খালেদা জিয়ার সঙ্গে অস্ট্রেলিয়া বিএনপি নেতৃবৃন্দের সাক্ষাৎ

# প্রবাসে কোন কমিটি অনুমোদনের সুযোগ নেই



গত ২৪ জানুয়ারী, রবিবার সন্ধ্যায় বিএনপির গুলশানস্থ কার্যালয়ে বিএনপি অস্ট্রেলিয়া'র নেতৃবৃন্দ দলীয় চেয়ারপার্সন দেশনেত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। নেতৃবৃন্দ বেগম খালেদা জিয়াকে দলের চেয়ারপার্সনের দায়িত্ব গ্রহন করায় আন্তরিক অভিনন্দন জানান। এছাড়া তারা বিএনপির চেয়াপার্সনের কাছে অস্ট্রেলিয়া বিএনপির সাংগাঠনিক কার্যক্রম তুলে ধরেন। সে সময় ওয়ান-ইলেভেনের পরবর্তী সময়ে অস্ট্রেলিয়া বিএনপির সভা-সমাবেশ, ঘেরাও, মানববন্ধন সম্পর্কে খালেদা জিয়াকে অবহিত করা হয়। নেতৃবৃন্দের সাথে আলাপ প্রসঙ্গে খালেদা জিয়া বলেন, নির্বাচন কমিশনের নিবন্ধন আইনে বর্তমানে প্রবাসে কোন রাজনৈতিক দলের কোন শাখা কমিটি অনুমোদনের সুযোগ নেই। যদি কেউ দাবী করে তবে তা অবৈধ এবং বাতিলযোগ্য।


বিএনপির সিনিয়র ভাইস চেয়ারম্যান তারেক রহমান সম্পর্কে মিথ্যা অপপ্রচারের নিন্দা জানিয়ে বিএনপি অস্ট্রেলিয়া বিএনপির নেতৃবৃন্দ দেশনেত্রীকে জানান, প্রয়োজনে তারা এর বিরুদ্ধে সারাবিশ্বে ব্যাপক আন্দোলন গড়ে তুলবেন। খালেদা জিয়া অস্ট্রেলিয়া বিএনপির নেতৃবৃন্দকে তাদের সাংগাঠনিক কার্যক্রমে সন্তোস প্রকাশ করেন। তিনি প্রবাসে শহীদ রাষ্ট্রপতি জিয়ার আদর্শে বিশ্বাসী সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানান।

এ সময় চেয়ারপার্সনের ব্যক্তিগত সহকারী শিমুল বিশ্বাস, অস্ট্রেলিয়া বিএনপির সাবেক সভাপতি ও বর্তমান কেন্দ্রিয় যুবদলের আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক মনিরুল হক জর্জ, অস্ট্রেলিয়া বিএনপির সভাপতি ডা. আব্দুল ওয়াহাব বকুল, অস্ট্রেলিয়া যুবদলের সাধারন সম্পাদক আব্দুল মতিন উজ্জ্বল, তফসির উদ্দিন বাবুল ও হারিস মিয়া হারিস উপস্থিত ছিলেন।

অস্ট্রেলিয়া বিএনপির নেতৃবৃন্দ খালেদা জিয়া ছাড়াও বিএনপি মহাসচিব খন্দকার দোলোয়ার হোসেন, যুবদলের সাধারন সম্পাদক মোয়াজ্জেম হোসেন আলালও যুবদলের সিনিয়র যুগ্ম মহাসচিব এডভোকেট আব্দুস সালাম সহ বিভিন্ন নেতৃবৃন্দের সাথেও সৌজন্য সাক্ষাৎ করেন।

এ সাক্ষাতের খবর বাংলাদেশের জাতীয় দৈনিক সমকাল, দিনকাল, ইনকিলাব, নয়াদিগন্ত ও আমার দেশ-এ অত্যন্ত গুরুত্ব সহকারে ছবিসহ প্রকাশিত হয়।

PDF Created with deskPDF PDF Writer - Trial :: http://www.docudesk.com



*বিএনপি মহাসচিব খন্দকার দেলোয়ার হেসেনের সাথে ডা.আব্দুলওয়াহাব ও মনিরুল হক জর্জ*



*যুবদলের সিনিয়র যুগ্ম সাধারন সম্পাদক এডভোকেট আব্দুস সালামের সঙ্গে অস্ট্রেলিয়া যুবদলের সাধারন সম্পাদক আব্দুল মতিন উজ্জ্বল, যুবদল কেন্দ্রিয় কমিটির আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক মনিরুল হক জর্জ ও বিএনপি অস্ট্রেলিয়ার সভাপতি ডা. আব্দুল ওয়াহাব বকুল*

PDF Created with deskPDF PDF Writer - Trial :: http://www.docudesk.com